# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৫৮৮

২৪/ বিবাহ ও দাম্পত্য

পরিচ্ছেদঃ দাম্পত্য ও সংসার

আরবী

عَنْ عَائِشَةَ قالت: زَارَتْنَا سَوْدَةُ يَوْما فَجَلَسَ رَسُوْلُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنِي وَبَيْنَهَا احْدَىٰ رِجْلَيْهِ فِي حِجْرِي وَالاخْرَىٰ فِي حِجْرِهَا فَعَمِلْتُ لَهَا حَرِيرَةً او قالت : خزيرَةً فَقُلْتَ : كُلِي فَابَتْ فَقُلْتُ: لَتَاكُلِي اوْ لالْطِخَنَّ وَجْهَك فَابَتْ فَاخَذْتُ مِنَ الْقَصْعَةِ شَيْئا فَلَطَخْتُ بِهِ وَجْهَهَا فَرَفَعَ رَسُوْلُ اللهِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ رِجْلَهُ مِنْ حِجْرِهَا تَسْتَقِيدُ مِنِّي فَاخَذَتْ مِنَ الْقَصْعَةِ شَيْئا فلطَخَتْ بِهِ وَجْهِي وَرَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَضْحَكُ فَاذَا عُمَرُ يَقُوْلُ : يَاعبد الله بْنَ عُمَرَ يَا عبد الله بْنَ عُمَر فَقَالَ لَنَا رَسُوْلُ اللهِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: قُومَا فَاغْسِلا وُجُوهَكُمَا فَلا احْسَبُ عُمَرَ الا دَاخِلا

বাংলা

(২৫৮৮) আয়েশা (রাঃ) বলেন, একদা সাওদা বিনতে যামআ’ আমার সাথে দেখা করতে আমার বাসায় এলো। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ও আমার মাঝখানে বসে গেলেন। তাঁর একটি পা আমার কোলে, আর একটি পা সাওদার কোলে ছিল। আমি তার (সাওদার) জন্য ’খাযীরা’ (গোশ্ত ছোট ছোট করে কেটে তাতে আটা মিশিয়ে রান্না করা খাবার) তৈরী করলাম। অতঃপর তাকে খেতে বললে সে খেতে অস্বীকার করল। আমি বললাম, ’তুমি অবশ্যই খাবে, নচেৎ আমি তোমার মুখে তা লেপে দেব।’ সে অস্বীকার করলে আমি প্লেট থেকে সামান্য পরিমাণ নিয়ে তার মুখে লেপে দিলাম।

তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কোল থেকে স্বীয় পা সরিয়ে নিলেন, যাতে সে আমার কাছ থেকে বদলা নিতে পারে। অতঃপর আমি প্লেট থেকে আরো কিছু নিয়ে আমার মুখে লেপে নিলাম। তা দেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসতে লাগলেন। ইত্যবসরে উমার (রাঃ) উপস্থিত হয়ে বলতে লাগলেন, ’হে আব্দুল্লাহ ইবনে উমার! হে আব্দুল্লাহ ইবনে উমার!’ তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বললেন, তোমরা উঠে তোমাদের মুখ ধুয়ে নাও, আমার মনে হয় উমার প্রবেশ না করে ছাড়বে না।

ফুটনোট

(নাসাঈ কুবরা ৮৯১৭, সিলসিলা সহীহাহ ৩১৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66336

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন